## বিজয়নগর উপজেলা পরিষদের মার্চ - ২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব নাজিমা মুকাই আলী
চেয়ারম্যান
বিজয়নগর উপজেলা পরিষদ
ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ : ২২/০৩/২০২২ খ্রি. সময় বিকাল ০৩.০০ টা

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল বিভাগীয় প্রধান ও জনপ্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে স্বাগত জানান ও সভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি ফেব্রুয়ারী - ২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, সার ও বীজের কোন ধরনের সংকট নেই। নির্ধারিত মূল্যে কৃষকগণ সার কিনছেন। সুষম সারের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। ১৩৬০০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। এ বছর বিজয়নগর উপজেলায় ৪১৫ হেঃ লিচু ও ৭৪ হেঃ আম এবং ৩৪৩ হেঃ কাঠাল এর আবাদ হয়েছে। আম, কাঠাল এবং লিচু বর্তমানে ফুল অবস্থায় এবং কিছু কিছু আম মটর দানার মতো হয়েছে। মাঠে দন্ডায়মান ফসলের অবস্থা ভালো আছে। ফলের মাছি পোকা ও বিভিন্ন রোগবালাই এবং বোরোসহ অন্যান্য ফসল পোকামাকড়/রোগবালাই এর আক্রমণে যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে ব্যাপারে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকের সাথে থেকে তাদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে অব্যাহত আছে। | ০১. বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br><br>০২. বাগানগুলোতে পোকামাকড়/রোগবালাই এর আক্রমণে যাতে ক্ষতিগ্রস্থ না হয় সে ব্যাপারে মাঠ পর্যায়ে উপকৃষি কর্মকর্তাগণ কৃষকগণকে সর্বোচ্চ সতর্কতার সাথে তদারকি করতে সহযোগিতা করবেন। | ১ উপজেলা কৃষি কর্মকর্তা, বিজয়নগর। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী/২২ মাসে কোভিড-১৯ ভ্যাকসিন মোট ১ম ডোজ - ৩৬৫৪২ জন ২য় ডোজ - ১৯৫৬৩ জনকে দেয়া হয়েছে। মাঠ পর্যায়ে মা ও শিশুদের রোটিন ইপিআই টিকাদান কার্যক্রম অব্যাহত আছে। মোট ৪৭৮৫ জন শিশুকে রোটিন ইপিআইএ ভ্যাকসিন প্রদান করা হয়। আউটডোর রোগীর সংখ্যা ২৪৫১জন। ইনডোর রোগীর সংখ্যা - ১১২জন। জরুরী বিভাগে রোগীর সংখ্যা ৪২৫জন হাসপাতালে নরমাল ডেলিভারীর সংখ্যা - ০২টি। | ০৩. স্বাস্থ্য কমপ্লেক্সে সেবার গুণগত মান অব্যাহত রাখতে হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখতে হবে। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলা ১০টি ইউনিয়নে এলজিইডি'র বিভিন্ন প্রকল্পের আওতায় এবং উপজেলা পরিষদের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়ন কর্মকান্ড এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও মেরামত কাজ চলমান আছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল /২০২১-২০২২ ইং এর আওতায় অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন যোগ্য কাজগুলোর প্রকল্পবাস্তবায়ন কমিটি জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি সকল কাজে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ০৪. সভায় বিস্তারিত আলোচনার পর প্রকল্পের কাজ বাস্তবায়ন করার এখনই উপর্যুক্ত সময় তাই বার্ষিক উন্নয়ন কর্মসূচী এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/২০২১-২০২২ ইং এর আওতায় অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য কাজগুলোর প্রকল্প বাস্তবায়ন কমিটি জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর<br><br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর<br><br>৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর<br><br>৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিজয়নগর |

| | | | |
|---|---|---|---|
| ৪। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী/২২ মাসে অত্র উপজেলায় দীর্ঘমেয়াদী পদ্ধতির সেবা দেওয়া হয়েছে আইইউডি সেবা ২০ জন ও ইমপ্লান্ট সেবা ৪২ জন। স্বল্প মেয়াদী সেবা গ্রহণকারীদের মধ্যে বিতরণ/প্রয়োগ করা হয়েছে খাবার বড়ি ৬৩২০ পিস, কনডম ৯২৬৩ পিস, ইনজেকশন ১৩১৫ ভায়েল। পদ্ধতি গ্রহণকারীর হার (CAR): ৮৫%। অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০৫. জন্মহার কমানোর বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। জন্মবিরতি সরঞ্জাম দেয়ার পাশাপাশি মানুষকে সন্তান কম গ্রহণে উৎসাহিত করতে হবে। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ৫০তম জাতীয় স্কুল ও মাদ্রাসায় শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সমাপ্ত হয়েছে। মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের উপবৃত্তির কার্যক্রম ৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণীর কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষার্থীদের ফাইজার ভ্যাকসিন ২য় ডোজ প্রদান করা হয়েছে। ২০২২ সনের মাধ্যমিক, এবতেদায়ী এবং দাখিল স্তরের বিনামূল্যে পাঠ্যপুস্তক বই বিতরণ করা হয়েছে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদিত হচ্ছে। | ০৬. স্কুল, কলেজ, মাদ্রাসায় পরিদর্শন বাড়াতে হবে। স্কুল কলেজে উপস্থিতির সংখ্যা বাড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে শিক্ষক সমাবেশ করে পরিকল্পনা গ্রহণ করতে হবে। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৬। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বিজয়নগর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে ঐতিহাসিক ৭ই মার্চ এবং ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস যথাযথ মর্যাদায় প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে পালন করা হয়। এ দিবসে জাতীয় পতাকা সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সকল প্রতিষ্ঠানে উত্তোলন করা হয়। চিত্রাংকন, কবিতা আবৃত্তি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। ২৬ শে মার্চ উপজেলার সকল কিন্ডারগার্টেন, সকল প্রাথমিক বিদ্যালয়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। মহান স্বাধীনতা দিবস পালনের জন্য সকল প্রাথমিক বিদ্যালয়ে ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ০৭. স্কুল পরিদর্শন বাড়াতে হবে। উপজেলা শিক্ষা কর্মকর্তা প্রতি সপ্তাহে কমপক্ষে ১০ টি স্কুল পরিদর্শন করবেন এবং কোন অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর। |
| ০৭। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে বিজয়নগর উপজেলায় দূর্যোগ ব্যবস্থাপনা শাখায় কাবিখা / কাবিটা সাধারন, বিশেষ এবং টি আর সাধারণ বিশেষ এর ১ম ও ২য় পর্যায়ের কাজ প্রক্রিয়াধীন আছে। অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ০৮. বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৮। উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০২১-২২ অর্থবছরের বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতা ডিসেম্বর/২১ পর্যন্ত ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ সম্পন্ন হয়েছে। অনগ্রসর জনগোষ্ঠী ভাতা ও এমআইএসে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং তাদের ভাতাও ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরন করা হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | ০৯. ভাতা প্রদানের জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। প্রয়োজনে ইউনিয়ন ভিত্তিক ট্যাগ অফিসার নিয়োগ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় করবেন। | ১. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৯। সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দাড়িয়াপুর আশ্রয়ন-২ প্রকল্পে ঋণ বিতরণ ১৭,৪০,০০০/- টাকা, ঋণ আদায় ১১,৩৬,৯৫২/- টাকা, সার্ভিস চার্জ-৮৩,৬১৬/- টাকা, অনাদায়ী ৬,০৩০,৪৮/-, ব্যাংক স্থিতি ১৪,৮৭,২২০/- রয়েছে। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫জন সদস্য মৃত্যুবরন করিয়াছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ-৪,১৫১/- টাকা পাওনা রহিয়াছে খেলাপী ঋণের পরিমাণ-৭০,১৬৪/- টাকা। মির্জাপুর আশ্রয়ন-২ প্রকল্প ঋণ বিতরণ ১০,৫০,০০০/- টাকা ৩৫ জন সদস্যদের মধ্যে বিতরন করা হয়েছে। ঋণের আসল আদায় ৪,৪৮৩৮৮/- ও সার্ভিস চার্জ আদায় ২৯,৯৮৭/- অনাদায়ী ৬,০১,৬১২/-। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১০. ঋণের আদায় বাড়াতে হবে এবং অন্যান্য সমিতিগুলো নিয়মিত অডিট সম্পাদন করতে হবে।<br><br>১১. মৃত্যুবরণকারী ঋণ গ্রহীতাদের কাছ থেকে প্রচলিত বিধিবিধান অনুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |
| ১০। উপজেলা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২২ মাসের সকল ইউনিয়নে ভিজিডি খাদ্যশস্য বিতরণ করা হয়েছে। | ১২. বিভাগীয় কার্যক্রমগুলো এর ধারাবাহিকতা অব্যাহত রাখতে | ০১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক বিভাগ | দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় চলতি মাসে ঋণ আদায় ১৫,৪১৮/- টাকা। আদায়ের হার ৯৫%। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের দু'টি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং) ১৪তম ও ১৫তম ব্যাচের ১০০ জন প্রশিক্ষণার্থী নির্বাচনের বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। নির্বাচন প্রক্রিয়াধীন। নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল হতে প্রাপ্ত ০৪টি মামলার তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহ, যৌতুক প্রতি রোধ, নারী ও শিশু পাচাররোধ, নারীর আইনগত অধিকার এবং অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ বিষয়ে ইউনিয়ন পর্যায়ে উঠান বৈঠক করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | হবে।<br>১৩. প্রশিক্ষণ কর্মসূচী নিবিড়ভাবে সম্পন্ন করতে হবে এবং কোন সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | বিজয়নগর। |
| ১১। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বুধন্তি ইউনিয়নের কেনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গত ২১-০৩-২০২২খ্রি. হতে ২৬-০৩-২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৭ দিন মেয়াদী "মৎস্য চাষ" ও "পারিবারিক সবজি চাষ" বিষয়ক সমন্বিত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। তাছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস- ২০২২ উৎযাপন এবং উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সপ্তাহব্যাপী মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা উপলক্ষে -০২ জন প্রশিক্ষিত যুবককে ১,৬০,০০০/- (এক লক্ষ ষাট হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৪. প্রশিক্ষণ কর্মসূচী ও মাঠ পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাইয়ের কাজ শতভাগ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে করতে হবে। | ০১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর।<br>০২. চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, বিজয়নগর। |
| ১২। পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ১। আবর্তক (কৃষি) ২। সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী ৩। বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী ৪। এসএমই ঋণ লক্ষ টাকায় মোট সমিতি/ দল = ৮৫টি, মোট সদস্য সংখ্যা=১৪৮৫জন, মোট ঋণ তহবিল প্রাপ্তি= ৯৮.৪৮, মোট ঋণ বিতরণ (ক্রম:)=৩৮১.৬৮, মোট আদায়যোগ্য (ক্রম:)=২৯৫.৬৬, মোট ঋণ আদায় (ক্রম:)=২৯৩.২০, আদায়ের হার (ক্রম:) ৯৯%। | ১৫. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং বিভাগীয় কার্যক্রমগুলো সার্বক্ষণিক তদারকি করতে হবে। | ০১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩। পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, সদস্যদের মাঝে কর্মসৃজন ঋণ আদায় ৮৫.৫৩ লক্ষ, ঋণ বিতরণ ৭৮.১০ লক্ষ, সঞ্চয় আদায় ৫.১৫ লক্ষ। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৬. ঋণের আদায় আরোও বাড়াতে হবে এবং চলমান কাজগুলো ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী, বিজয়নগর। |
| ১৪। খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, খাদ্য বান্ধব কার্যক্রম অব্যাহত আছে। | ১৭. বিভাগের দাপ্তরিক কার্যক্রম চলমান রাখতে হবে। | ০১. উপজেলা খাদ্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৫। আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, মার্চ-২০২২ মাসের বিভিন্ন ইউনিয়ন হতে বিভিন্ন প্রশিক্ষণ প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়েছে। যেমন- বন্যা ও দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ ৬জন (পুরুষ) এবং অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ১০জন (পুরুষ) প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ১৮. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬। প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, চিকিৎসা-গবাদি প্রাণির টিকা প্রদান ৮০০ মাত্রা, হাঁস মুরগির টিকা প্রদান-৯৭০০ মাত্রা, গবাদি প্রাণির চিকিৎসা সেবা প্রদান-৪৫৮টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-৭০২টি, গাভীকে কৃত্রিম প্রজনন সংখ্যা-৪০০টি, সংকর জাতের বাচ্চা উৎপাদন-১৯৫টি। এন.এ.টি.পি ফেজ-২ প্রকল্পের আওতায় ১০টি ইউনিয়নে ০৫টি সিআইজিতে ১৫০জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় ও এলডিডিপি প্রকল্পের আওতায় বিনামূল্যে খামারীদের মাঝে কৃমিনাশক ঔষুধ বিতরণ করা হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১৯. জনগণের হাস-মুরগির টিকা ও অন্যান্য চাহিদাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজগুলো বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২২খ্রি. মাসে নাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II এর আওতায় মৎস্য চাষিদের মাঝে ২০টি প্রদর্শনী মৎস্য | ২০. দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রাখতে হবে। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | খামার স্থাপন, উত্তম মৎস্য চাষ অনুশীলন ও নিরাপদ মৎস্য উৎপাদনে চাষি পর্যায়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মৎস্য চাষির র‌্যালি, সচেতনতামূলক সভা, ২০জন নিবন্ধিত জেলেকে প্রশিক্ষণ প্রদান, ২০ জন মৎস্যচাষিকে পরামর্শ প্রদান সহ মৎস্য খাদ্যের গুণগত মান পরিক্ষা করার জন্য ০১টি খাদ্য নমুনা ল্যাব টেষ্টের জন্য প্রেরণ করা হয়। তাছাড়া ৭দিন ব্যাপি "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা" উপলক্ষ্যে বিভিন্ন ধরনের প্রদর্শনী ডেমো উপস্থাপন এবং মাননীয় এমপি মহোদয়ের উপস্থিতিতে ২০জন মৎস্যচাষিদের মাঝে প্রণোদনা হিসেবে খাদ্য উপকরণ ও পোনা বিতরণ করা হবে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | | |
| ১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ১৪২টি সাব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপ এবং ৫০টি ইম্প্রুভড টয়লেট ও সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৭টি ইউনিয়নে মোট ১৮২টি (সাব-মার্সেবল পাম্পযুক্ত) গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২১. গভীর নলকূপ এর চলমান কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে।<br><br>২২. জনগণের চাহিদাগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে এবং কোনোরূপ সমস্যা পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করবেন। | ০১. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিজয়নগর। |
| ১৯। পল্লী দারিদ্র বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, মার্চ /২০২২ মাসের মোট সমিতির সংখ্যা ৫৪, সদস্য সংখ্যা ১৫৮৫জন, ক্ষুদ্র ঋণ সদস্য সংখ্যা-১২১২জন, ক্ষুদ্র ঋণ বিতরণ-৮৯৩.৩৫ লক্ষ, ক্ষুদ্র ঋণ আদায়- ৮৬৬.০১ লক্ষ, মোট আদায় হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৮৮জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৯০০.৫০ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ৮৯৯.০০ লক্ষ। ক্ষুদ্র আদায় হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান আছে। | ২৩. ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার আরও বাড়াতে হবে।<br><br>২৪. মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা মূলক সভা করার পাশাপাশি মানুষকে ঋণ এর সুফল সম্পর্কে অবগত করতে হবে। | ০১. পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০। বিএডিসি (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে চলমান "ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর ও ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ভূ-পরিস্থ পানি ব্যবহারের মাধ্যমে ক্ষুদ্রসেচ ও সেচ দক্ষতা বৃদ্ধিকরণ কর্মসূচী" এর আওতায় বিজয়নগর উপজেলায় খাল খনন-৫.০০ কি.মি. (রূপার খাল-২.৭৫ কি.মি. পোনার খাল-২.২৫ কি.মি.). অগভীর নলকূপে ৪০০মি. বারিত পাইপ লাইন নির্মাণ-০৯ টি, এলএলপি স্কীমে ৬০০ মি. বারিত পাইপ লাইন নির্মাণ-০৩টি, ওয়াটার পাস নির্মাণ-৪টি কাজ চলমান রয়েছে। "কুমিল্লা-চাঁদপুর-ব্রাহ্মণবাড়িয়া জেলা সেচ এলাকা উন্নয়ন প্রকল্প" এর আওতায় কোদালিয়া খাল খনন-৫.০০কি.মি. এবং গভীর নলকূপের পাম্প হাউজ নির্মাণ কাজ- ০২টি চলমান আছে। কাজের গুনগতমান নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে তদারকী চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৫. খাল খনন ও বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, সেচ নালা নির্মাণের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে করতে হবে।<br><br>২৬. কাজের গুণগত মান বজায় রাখতে হবে এবং নিয়মিত তদারকি জোরদার করতে হবে। | ০১. উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর |
| ২১। বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আর্থিক সালে বিক্রয়/বিতরণের ২০০০টি বিবিধ খাতের চারা উত্তোলনের কাজ চলমান আছে। অত্র উপজেলার অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা এবং উচ্ছেদ অভিযান কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | ২৭. বরাদ্দ অনুযায়ী চারাগাছ লাগানো এবং বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২। পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, প্রধান ফসল ৬টি ও অপ্রধান ফসল ১৫০টি, পূর্বাভাস জরিপ তথ্য সংগ্রহ, উৎপাদন খরচ হিসাব, ক্ষয়ক্ষতির হিসাব প্রভৃতি তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়মিতভাবে সম্পন্ন করা হচ্ছে। প্রতি মাসে মাসিক মূল্য ও মজুরী জরিপ সংগ্রহ করা হচ্ছে। এর মাধ্যমে মূল্যস্ফীতি ও CPI (Consumer Price Index) নির্ণয় করা হয়। বিভাগীয় অন্যান্য | ২৮. বিভাগীয় কাজের সঠিক তথ্যগুলোর ধারাবাহিকতা অগ্রগতি বাড়াতে হবে। | ০১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম স্বাভাবিকভাবে আছে। | | |
| ২৩। ইউআরসি | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার কর্মকর্তা সভায় জানান যে, মন্ত্রণালয় এবং অধিদপ্তর কর্তৃক প্রদেয় নির্দেশনা সমূহ শিক্ষকদের সহিত অন লাইনের মত বিনিময়/ পরামর্শ অব্যাহত আছে। অন লাইন কর্তৃক প্রদেয় পাঠদান মনিটরিং করা হচ্ছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২৯. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিজয়নগর |
| ২৪। পল্লী বিদ্যুৎ বিভাগ | উপজেলা পল্লী বিদ্যুৎ কর্মকর্তা সভায় জানান যে, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করায় ৫জন গ্রাহকের নিকট হতে জড়িমানা ২,২৭,৩২২ টাকা আদায় করা হয়েছে। উপজেলা পরিষদ কমপ্লেক্স হিসাব নং- ৯০১/২০০০ এর বিপরিতে (০১/১৮/-১০/২১) মাস পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ মোট ৬,৭১,৬৭১/- (ছয় লক্ষ একাত্তর হাজার ছয়শত একাত্তর) টাকা বকেয়া আছে। এছাড়া বিভিন্ন সরকারি অফিসে/ দপ্তরে বিদ্যুৎ বিল বকেয়া আছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ৩০. আসন্ন মাহে রমজানে ইফতার, সেহেরী ও তারাবিহ নামাজের সময় অপ্রয়োজনীয় লোডশেডিং যেন না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ০১. এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর। |
| ২৫। ইসলামিক মিশন হাসপাতাল | ইসলামিক মিশন হাসপাতালের সিনিয়র মেডিকেল অফিসার সভায় জানান যে, অত্র হাসপাতালে ২২শে মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত ১২৪৭জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। পাশাপাশি রোগীদেরকে ৫২,৩৬৯টি ঔষুধ বিনামূল্যে বিতরণ করা হয়েছে এবং ৬৯জন রোগীর প্যাথলজিক্যাল পরীক্ষা সম্পন্ন করা হয়েছে এবং ৭২জন রোগীকে হোমিও চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে মিশন হাসপাতালে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প, ফ্রি মেডিসিন, ফ্রি প্যাথলজিকাল পরীক্ষাসহ আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। মিশনের আওতাধীন ১০টি মক্তব কেন্দ্রে শিশুদের মাঝে দিবসটির গুরুত্ব, ধর্মীয় আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। সেলাই প্রশিক্ষণ কার্যক্রমসহ মিশনের অন্যান্য কার্যক্রম যথারীতি স্বাভাবিক গতিতে চলছে। | ৩১. বিভাগীয় কাজের সঠিক তথ্যগুলোর ধারাবাহিকতা অগ্রগতি আরোও দ্রুত বাড়াতে হবে। | ০১. ইসলামিক মিশন হাসপাতাল, বিজয়নগর। |

বিবিধ আলোচনা - ০১ : ২০২১ - ২০২২ অর্থ বছরের আওতায় বিজয়নগর উপজেলায় ০৫ (পাঁচটি) ইউনিয়ন পরিষদসমূহের ভবন মেরামতের প্রাক্কলন অনুমোদন এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত

আলোচনাঃ উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলার বেশিরভাগ ইউনিয়ন পরিষদ ভবনের অবস্থা ঝুঁকিপূর্ণ। ইতোমধ্যে ইছাপুরা ইউনিয়ন পরিষদ ও হরষপুর ইউনিয়ন পরিষদের জন্য নতুন ভবন নির্মাণের বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বাকি ইউনিয়ন পরিষদগুলোর মধ্যে পাহাড়পুর, চম্পকনগর ও চান্দুরা ইউনিয়ন পরিষদের ভবন মেরামতের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং যেকোনো সময় অর্থ বরাদ্দ পাওয়া যেতে পারে। বর্তমানে ২০২১ - ২০২২ অর্থ বছরের আওতায় বিজয়নগর উপজেলায় বাকি ০৫ (পাঁচটি) ইউনিয়ন পরিষদসমূহের ভবন মেরামতের প্রাক্কলন উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত প্রাক্কলনসমূহ অনুমোদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। প্রকল্পের নাম ও প্রাক্কলনসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | ০১ নং বুধন্তি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত প্রকল্প | ১০,০০,০০০/- |
| ০২ | ০৬ নং পত্তন ইউনিয়ন পরিষদ ভবন মেরামত প্রকল্প | ১০,০০,০০০/ |
| ০৩ | ০৭ নং সিংগারবিল ইউনিয়ন পরিষদ ভবন মেরামত প্রকল্প | ১০,০০,০০০/ |
| ০৪ | ০৮ নং বিষ্ণুপুর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত প্রকল্প | ১০,০০,০০০/ |
| ০৫ | ০৯ নং চর ইসলামপুর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত প্রকল্প | ১০,০০,০০০/ |

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক তৈরিকৃত প্রাক্কলনসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং তা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা - ০২ : ২০২১ - ২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রক্ষণাবেক্ষণ খাতের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলা পরিষদের অভ্যন্তরের ভবনসমূহ মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন ও পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত**

আলোচনাঃ উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলা পরিষদ সৃষ্টির পর থেকে এখানে বসবাসরত অফিসারদের ভবনসমূহ বিশেষ করে গেজেটেড কোয়ার্টার, নন-গেজেটেড কোয়ার্টার ও অফিসার্স ডরমিটরিতে বড় ধরনের সংস্কারকাজ করা হয়নি। পাশাপাশি উপজেলা পরিষদ ভবন, উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ও উপজেলা অফিসার্স ক্লাবে মেরামত কাজ পরিচালনা করা অপরিহার্য হয়ে উঠেছে। এতে যেমন ভবনগুলোর সৌন্দর্য ও স্থায়িত্ব বৃদ্ধি পাবে তেমনি কর্মপরিবেশ ও বসবাসের ক্ষেত্র উন্নত হবে। উপজেলা প্রকৌশলী সভাকে জানান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা অনুযায়ী, ২০২১ - ২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) রক্ষণাবেক্ষণ খাতের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর উপজেলা পরিষদের অভ্যন্তরের ভবনসমূহ মেরামত কাজের প্রাক্কলন উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক প্রস্তুত করা হয়েছে। তিনি উক্ত প্রাক্কলনসমূহ অনুমোদন পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। প্রকল্পের নাম ও প্রাক্কলনসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টার মেরামত সংক্রান্ত প্রকল্প | ৯,৫০,৪৮০/- |
| ০২ | উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার মেরামত সংক্রান্ত প্রকল্প | ৮,৮৭,৩৫০/- |
| ০৩ | উপজেলা পরিষদের অভ্যন্তরে অফিসার্স ডরমিটরি মেরামত সংক্রান্ত প্রকল্প | ৭,৬৭,৭৭০/- |
| ০৪ | উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ মেরামত সংক্রান্ত প্রকল্প | ৪,১৮,৩৮০/- |
| ০৫ | উপজেলা পরিষদের অভ্যন্তরে সৃষ্ট অফিসার্স ক্লাব মেরামত সংক্রান্ত প্রকল্প | ৬,৮৫,১৫০/- |
| ০৬ | উপজেলা পরিষদের ভবন মেরামত সংক্রান্ত প্রকল্প | ৯,৭০,৮০০/- |
| সর্বমোট = | | ৪৬,৭৯,৯৩০/- |

সিদ্ধান্তঃ উপজেলা প্রকৌশল বিভাগ কর্তৃক তৈরিকৃত প্রাক্কলনসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং তা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা - ০৩ : মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প ভূমিহীন ও গৃহহীন পরিবার (ক শ্রেণী) এর জন্য গৃহ নির্মাণ কর্মসূচীর আওতায় বিজয়নগর উপজেলায় ৪ টি ইউনিয়নে ৮৮ টি পরিবার পুনর্বাসনের জন্য জমি ক্রয় সংক্রান্ত**

আলোচনাঃ উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলায় এই মুহূর্তে গৃহ নির্মাণের জন্য উপযুক্ত খাসজমি না থাকায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন করার জন্য জমি ক্রয় করে গৃহ নির্মাণ করা হচ্ছে। ইতোমধ্যে উপজেলার চম্পকনগর, চান্দুরা, হরষপুর ও চর ইসলামপুর ইউনিয়নের আওতায় ৮৮ টি পরিবারের জন্য মোট ১৮৮ শতক জায়গা ক্রয়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং এর মধ্যে ৭২ শতক জায়গা ক্রয়ের বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা জমি ক্রয় সংক্রান্ত কমিটির সদস্যগণ সরেজমিনে প্রতিটি জমি পরিদর্শন করেছেন এবং জমি ক্রয়ের ক্ষেত্রে সর্বোচ্চ দর কষাকষির মাধ্যমে সরকারী অর্থ সাশ্রয় করার চেষ্টা করা হয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ উপজেলা জমি ক্রয় কমিটিকে সহযোগিতা করেছেন। তিনি সঠিকভাবে এবং প্রাক্কলন মোতাবেক ভূমিহীন ও গৃহহীন পরিবার (ক শ্রেণী) এর ঘর নির্মাণের ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্তঃ সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনর্বাসন থেকে গৃহ নির্মাণ পর্যন্ত কাজের সাথে জড়িত সকল ব্যক্তিদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা হয়। পাশাপাশি এই মহান কাজে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করা এবং সম্পূর্ণ স্বচ্ছতার সাথে কাজটি বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা - ০৪ : বিভিন্ন ইউনিয়নের আওতায় ইতোপূর্বে গৃহীত প্রকল্প পরিবর্তন করে তার স্থলে নতুন প্রকল্প গ্রহণ ও অনুমোদন প্রসঙ্গে**

(ক) চেয়ারম্যান, বুধন্তি ইউপি সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২০২১-২২ ইং এর আওতায় বুধন্তি লিবাসখাঁনের বাড়ি হইতে আলী আজমত খানের বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সলিং কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে ইসলামপুর দক্ষিণপাড়া খানকা শরীফ হইতে

আমিন শাহজাহান মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসিকরণ কাজটি ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাবসহ উক্ত কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনার পর বুধন্তি লিবাসখাঁনের বাড়ি হইতে আলী আজমত খানের বাড়ি পর্যন্ত রাস্তায় ইটের সলিংকাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে ইসলামপুর দক্ষিণপাড়া খানকা শরীফ হইতে আমিন শাহজাহান মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তায় সিসিকরন কাজটি ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের অনুমোদনসহ PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(খ) চেয়ারম্যান, পত্তন ইউপি সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২০২১-২২ ইং এর আওতায় ফুলবাড়িয়া ফকিরপাড়া মোড় ডিসি রোড হইতে মির্জাখানের বাড়ি পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে পত্তন ইউনিয়নের বিভিন্ন রাস্তায় কৃষিসেচের পানি নিষ্কাশনের জন্য আরসিসি পাইপ স্থাপন কাজটি ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাবসহ উক্ত কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনার পর ফুলবাড়িয়া ফকিরপাড়া মোড় ডিসি রোড হইতে মির্জা খানের বাড়ি পর্যন্ত রাস্তায় সিসি ঢালাই কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে পত্তন ইউনিয়নের বিভিন্ন রাস্তায় কৃষিসেচের পানিনিষ্কাশনের জন্য আরসিসি পাইপ স্থাপন কাজটি ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের অনুমোদনসহ PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(গ) চেয়ারম্যান, ইছাপুরা ইউপি সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী/২০২১-২২ ইং এর আওতায় ধীতপুর প্রাইমারি স্কুল হইতে কালীবাড়ি ব্রীজ পর্যন্ত রাস্তায় ইটের সলিং নির্মাণকাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে ধীতপুর হাজী মঞ্জল মিয়ার বাড়ী হইতে পশ্চিম দিকে বালি মেম্বারের বাড়ি পর্যন্ত সিসি ঢালাই কাজটি ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাবসহ উক্ত কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনার পর ধীতপুর প্রাইমারী স্কুল হইতে কালীবাড়ি ব্রীজ পর্যন্ত রাস্তায় ইটের সলিং নির্মাণ কাজটি PIC এর মাধ্যমে বাস্তবায়নের পরিবর্তে ধীতপুর হাজী মঞ্জল মিয়ার বাড়ী হইতে পশ্চিম দিকে বালি মেম্বারের বাড়ি পর্যন্ত সিসি ঢালাই কাজটি ২,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদানের অনুমোদনসহ PIC এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-৬-২২

(নাছিমা মুকাই আলী)
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০০.৪২.০৫৬৬.০০০.০৬.০০১.২২-১৪ / (৪০) তারিখ: ০৮ চৈত্র ১৪২৮ বাংলা
২২ মার্চ ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া-৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। উপজেলা ............................................ অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
০৮। চেয়ারম্যান, ............................................ ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

(এ এইচ ইরফান উদ্দিন আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।